

প্রকল্পের নামঃ স্মাইলির প্রতিফল, অর্জন হবে শিখনফল

উদ্ভাবকঃ মো: কামরুজ্জামান ঢালী, সহকারী শিক্ষক,
হাকিমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়।



বিদ্যমান সমস্যাঃ শ্রেণিতে দুর্বল শিক্ষার্থীদের উন্নতির জন্য শিখনসাহী জুটি তৈরি করা হলেও অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় সবল শিক্ষার্থীটি দুর্বল শিক্ষার্থী কে সহায়তা করতে খুব একটা আগ্রহ দেখায় না। অন্যদিকে দুর্বল শিক্ষার্থীটির মধ্যেও সবল শিক্ষার্থীর কাছ থেকে সহায়তা গ্রহণে অনীহা দেখা যায়।

বাস্তবায়ন কৌশলঃ প্রতিদিন শ্রেণি পাঠদান শেষে যে শিখনসাহী জুটি সম্পূর্ণরূপে সফলভাবে শিখনফল অর্জন করবে, তারা দুজনেই পুরস্কার হিসেবে একটি করে ছোট স্মাইলি পাবে। মাস শেষে যে শিখনসাহী জুটির কাছে সব থেকে বেশি স্মাইলি জমা হবে তারা দুজনেই পুরস্কার হিসেবে একটি করে বড় স্মাইলি পাবে। বছর শেষে যে শিখনসাহী জুটির কাছে সব থেকে বেশি বড় স্মাইলি জমা হবে তারা দুজনেই পুরস্কৃত হবে।

প্রত্যাশিত ফলাফলঃ যেহেতু শিখনসাহী জুটির দুজনেরই শিখনফল অর্জিত না হলে তারা স্মাইলি পাবে না, তাই তারা দুজনেই পড়াশুনায় পারস্পরিক সহায়তা আদান-প্রদানে আগ্রহী হবে। ফলে জুটির সবল শিক্ষার্থীর সহায়তায় দুর্বল শিক্ষার্থীটি সহজে শিখনফল অর্জন করতে পারবে।

প্রাথমিক শিক্ষায় প্রভাবঃ

- শ্রেণি কার্যক্রম পরিচালনা সহজ হবে।
- শিশুদের মধ্যে পারস্পরিক সহায়তার মনোভাব গড়ে উঠবে।
- শিখনফল অর্জন করানো সহজ হবে।
- বেশি সংখ্যক শিক্ষার্থীর শ্রেণিতে পাঠদান সহজ হবে।
- পাঠদান সফল হবে।



দিনের সেরা শিখনসাহী জুটি।



মাসের সেরা শিখনসাহী জুটি।